দৈনিক জনকণ্ঠ

৩৮

তারিখ ... JUN 1 8 1999 ...
পৃঃ ৭ কলাম ৫

# যে সব স্কুল কৃতিত্ব দেখিয়েছে

স্টাফ রিপোর্টার ॥ গ্রাম এবং শহরের শিক্ষা মানের দুস্তর ব্যবধানের চিত্র এবারও দৃষ্টিকটুভাবে ধরা পড়েছে এসএসসি পরীক্ষার ফলে। মেধা তালিকায় এবারও ক্যাডেট কলেজ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবং বড় বড় শহরের গুটিকয়

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## যে সব স্কুল কৃতিত্ব (প্রথম পাতার পর)

এলিট স্কুলের ছেলেমেয়েদের একচেটিয়া প্রাধান্য। অতি সুবিধাভোগী এসব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের সঙ্গে অসম প্রতিযোগিতায় টিকতে পারেনি দেশের সাধারণ স্কুলের ছাত্রছাত্রীরা। গতকাল প্রকাশিত পাঁচটি বোর্ডের এসএসসি পরীক্ষার মেধা তালিকা বিশ্লেষণ করে দেখা যায়-- আগের গতানুগতিক ধারাই বজায় রয়েছে। প্রতিটি শিক্ষা বোর্ডেই মেধা তালিকায় সুস্পষ্ট প্রাধান্য রয়েছে ক্যাডেট কলেজ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবং প্রতিরক্ষা বাহিনীর নিয়ন্ত্রণাধীন অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের। এর পাশাপাশি ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহীসহ বড় বড় শহরের এলিট স্কুলগুলোও বরাবরের মতো ভাল ফল করেছে। ঢাকা বোর্ডে সবচেয়ে ভাল ফল দেখিয়েছে মির্জাপুর ক্যাডেট কলেজ এবং আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের ছাত্র-ছাত্রীরা। এছাড়া মেধা তালিকায় স্থান পেয়েছে রাজধানীর নামী স্কুল সেন্ট যোসেফ, উদয়ন, গভঃ ল্যাবরেটরী, হলিক্রস এবং ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের ছেলেমেয়েরা। জয়দেবপুরের রানী বিলাসমণি স্কুলেরও ক'জন শিক্ষার্থী বিজ্ঞানের মেধা তালিকায় স্থান করে নিয়ে একটি ব্যতিক্রমী দৃষ্টান্ত স্থাপন করেছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ইস্পাহানী পাবলিক স্কুল, ফৌজদারহাট ক্যাডেট কলেজ এবং চট্টগ্রাম গভঃ হাইস্কুলের ছাত্রছাত্রীরা, সবচেয়ে বেশি স্থান দখল করেছে মেধা তালিকায়। ইস্পাহানী স্কুলের ১৩ জন এবং চট্টগ্রাম গভঃ হাইস্কুলের ১২ জন শিক্ষার্থী রয়েছে মেধা তালিকায়।

কুমিল্লা বোর্ডের মেধা তালিকায় কুমিল্লা ক্যাডেট কলেজ এবং সিলেট ক্যাডেট কলেজের একচেটিয়া প্রাধান্য। বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় কুমিল্লা ক্যাডেট কলেজের ১৯ জন এবং সিলেট ক্যাডেট কলেজের ১১ জনের স্থান হয়েছে।

রাজশাহী বোর্ডের মেধা তালিকায় পাবনা ক্যাডেট কলেজ, বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবং রাজশাহী ক্যাডেট কলেজের প্রাধান্য।

যশোর বোর্ডেও একই চিত্র। বরিশাল ক্যাডেট কলেজ এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজের শিক্ষার্থীরা সর্বোচ্চ সংখ্যক স্থান দখল করে নিয়েছে। বরিশাল ক্যাডেট কলেজের ৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২২ জনই বিজ্ঞান ও মানবিক বিভাগের মেধা তালিকায় স্থান পেয়েছে। বিজ্ঞান বিভাগে মফস্বল এবং গ্রামের স্কুলগুলো ভাল ফল করতে না পারলেও তুলনামূলকভাবে মানবিক ও বাণিজ্য বিভাগে কিছুটা সাফল্য দেখিয়েছে। মানবিক ও বাণিজ্য বিভাগের মেধা তালিকায় মফস্বলের কিছু কিছু বনেদী স্কুলের ছেলেমেয়েরা স্থান করে নিতে পেরেছে। পাঁচটি শিক্ষা বোর্ডের ফলাফলেই এই প্রবণতা দেখা গেছে।